

মেহেরপুরে বৈদেশিক কর্মসংস্থানের জন্য দক্ষতা ও সচেতনতা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

ঢাকা, ১৯ মে ২০১৯

আজ রবিবার সকাল ১০ টায় মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহযোগিতায় জেলা প্রশাসনের আয়োজনে এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন বলেন, মেহেরপুরের মানুষের মধ্যে বিদেশে যাওয়ার প্রবণতা ও সক্ষমতা অনেক বেশি। মেহেরপুরের প্রায় ৫৭ হাজার মানুষ বিভিন্ন দেশে রয়েছেন। তারা বৈদেশিক মুদ্রা পাঠাচ্ছেন। পাশাপাশি তারা নিজেরাও উন্নত সংস্কৃতির শিক্ষা নিয়ে দেশে ফিরে এসে দেশের আর্থসামাজিক উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখছেন

জেলা প্রশাসক মো. আতাউল গণির সভাপতিত্বে সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের যুগ্ম সচিব শহিদুল আলম। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন পুলিশ সুপার মোস্তাফিজুর রহমান।

সেমিনারে তিন উপজেলা চেয়ারম্যান, নির্বাহী কর্মকর্তা, জনপ্রতিনিধি, সাংবাদিক ও সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তারা অংশ নেন।

মোহাম্মদ রাশেদুজ্জামান

জনসংযোগ কর্মকর্তা

প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

০১৭১২৩৮০৪৩৫.